কালের কণ্ঠ

22 MAY 2017

# বেসরকারি শিক্ষকদের অবসরের টাকা এবার অনলাইনে

নিজস্ব প্রতিবেদক ▷

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের অবসর ভাতা ও কল্যাণ ট্রাস্টের টাকা এবার অনলাইনে বিতরণ কার্যক্রম শুরু হয়েছে। গতকাল রবিবার রাজধানীর ব্যানবেইস ভবনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ভিডিও কনফারেন্সের মাধ্যমে হজ গমনেচ্ছু অবসরপ্রাপ্ত শিক্ষকদের মাঝে চেক বিতরণের মধ্য দিয়ে এ কার্যক্রমের উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী কার্যালয়ের একসেস টু ইনফরমেশন প্রকল্পের সহযোগিতায় এ কার্যক্রম শুরু হয়েছে।

অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইনের সভাপতিত্বে আরো বক্তব্য দেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামান, ব্যানবেইসের পরিচালক মো. ফসিউল্লাহ, অবসর সুবিধা বোর্ডের সদস্যসচিব শরীফ আহমদ সাদী, শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্টের সদস্যসচিব মো. শাহজাহান আলম সাজু প্রমুখ।

শিক্ষামন্ত্রী গোপালগঞ্জের টুঙ্গিপাড়া, সিলেটের কোম্পানীগঞ্জ এবং ব্রাহ্মণবাড়িয়ার কসবা উপজেলার শিক্ষক-কর্মচারীদের সঙ্গে ভিডিও কনফারেন্সে কথা বলেন। এবার হজ্জ গমনেচ্ছু এত হাজার ৮৫১ জন অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীকে মোট ৬৩ কোটি ৮৭ লাখ টাকার কল্যাণ ও অবসর সুবিধা প্রদান করা হচ্ছে।

কিছু শিক্ষকের নৈতিকতা নিয়ে প্রশ্ন তুলে শিক্ষামন্ত্রী বলেন, 'শিক্ষকতায় কিছু অসৎ লোক ঢুকে গেছেন। তাঁরা ক্লাসে পড়ান না। কিন্তু বাড়িতে টাকা দিয়ে পড়ান। সংখ্যায় কম হলেও কিছু শিক্ষক পরীক্ষাকেন্দ্রে এমসিকিউ প্রশ্নের উত্তর বলে দিচ্ছেন। এর চেয়ে কুশিক্ষা আর কী হতে পারে?'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
সিস্টেম ম্যানেজার
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কার্যার্থে/অবগত্যর্থে
স্বাক্ষর